

শ্রেণি - ২য়

২য় পর্ব

রিভিশন

বিষয়ঃ বাংলা (দাদির হাতের মজার পিঠা)

তারিখঃ ১৯/০৮/২০২০

১। শব্দার্থ লিখঃ

ধুম - জাঁকজমক।

ভানা - শস্য থেকে খোসা বা তুষ ছাড়িয়ে নেওয়া।

অনুষ্ঠান - আয়োজন, উৎসব।

সুন্দর - ভালো, উত্তম।

উনুন - চুলা।

ভাপ - গরম পানির ধোঁয়া।

সিদ্ধ- আগুনের তাপে রান্না করা।

মজাদার - সুস্বাদু, স্বাদের খাবার।

অঞ্চল - এলাকা, দেশের বিভিন্ন অংশ।

বিখ্যাত - নামকরা।

২। খালি জায়গায় সঠিক শব্দ বসিয়ে বাক্য তৈরি করঃ

ক) ----- দিয়ে তৈরি হয় ভাপা পিঠা। উত্তরঃ ভাপ

খ) অতিথির জন্য ----- খাবার রান্না হচ্ছে। উত্তরঃ মজাদার

ঘ) বাংলাদেশে ----- পিঠা পুলি খাওয়ার ধুম পড়ে যায়। উত্তরঃ শীতকালে

ঙ) ধান ভানার পর সেই চাল ----- করা হয়। উত্তরঃ গুঁড়ো

চ) একেক অঞ্চল একেক পিঠার জন্য \_\_\_\_\_। উত্তরঃ বিখ্যাত

ছ) দাদি পিঠা বানানোর জন্য ছাঁচে \_\_\_\_\_ নিলেন। উত্তরঃ চালের গুঁড়ো

জ) \_\_\_\_\_ অনুষ্ঠানে পিঠা খাওয়া হয়। উত্তরঃ নানা রকম

৩। নিচের যুক্তবর্ণ ভেঙে লিখ ও দুইটি শব্দ লিখঃ

ষ্ঠ = ষ + ঠ - অনুষ্ঠান, পৃষ্ঠা

দ্ধ = দ + ধ - সিদ্ধ, যুদ্ধ

স্থ = স + থ - উপস্থিত, অবস্থা

ঞ্চ = ঞ্চ + চ - অঞ্চল, পঞ্চাশ

খ্য = খ + য ফলা - বিখ্যাত, ব্যাখ্যা

ষ্প = ষ + প - বাষ্প, পুষ্প

ত্র = ত \_ র ফলা - রাত্র, ছাত্র

র্ষ = রেফ + ষ - বর্ষা, বর্ষ

৪। নিচের প্রশ্নগুলোর উত্তর লিখঃ

ক) পিঠাপুলি খাওয়ার ধুম পড়ে যায় কখন?

উত্তরঃ বাংলাদেশে শীতকালে পিঠাপুলি খাওয়ার ধুম পড়ে যায় কখন।

খ) চাল গুঁড়ো করা হয় কেন?

উত্তরঃ নানা রকম পিঠা তৈরি করার জন্য চাল গুঁড়ো করা হয়।

গ) ভাপে সিদ্ধ পিঠাকে কী পিঠা বলে?

উত্তরঃ ভাপে সিদ্ধ পিঠাকে ভাপা পিঠা বলে।

ঘ) ভাপা পিঠা বানাতে কী কী লাগে?

উত্তরঃ ভাপা পিঠা বানাতে চালের গুঁড়ো, খেজুরের গুড় আর কোরা নারকেল লাগে।

ঙ) বাংলাদেশ কিসের দেশ?

উত্তরঃ বাংলাদেশ পিঠাপুলির দেশ।

চ) তুলি আর তপু কতদিন বাড়িতে থাকল?

উত্তরঃ তুলি আর তপু সাতদিন বাড়িতে থাকল।

৫। (ক) ঘরের সাথে (খ) ঘরের মিল কর এবং লিখঃ

ক	খ
ক) নানা ধরনের অনুষ্ঠানে	নানা ধরনের পিঠা।
খ) চালের গুঁড়ো দিয়ে তৈরি হয়	পিঠার মজাই আলাদা।
গ) টেকিতে	গুঁড়ো করা হয়।
ঘ) শীতকালে গরম গরম	পিঠা খাওয়া হয়।
ঙ) ধান ভানার পর সেই চাল	ধান ভানা হয়।

উত্তরঃ

ক) নানা ধরনের অনুষ্ঠানে - পিঠা খাওয়া হয়।

খ) চালের গুঁড়ো দিয়ে তৈরি হয় - নানা ধরনের পিঠা।

গ) টেকিতে - ধান ভানা হয়।

ঘ) শীতকালে গরম গরম - পিঠার মজাই আলাদা।

ঙ) ধান ভানার পর সেই চাল - গুঁড়ো করা হয়।

৬। সত্য/ মিথ্যা নির্ণয় কর এবং লিখঃ

ক) বাংলাদেশে গ্রীষ্মকালে পিঠাপুলি খাওয়ার ধুম পড়ে যায়। উত্তরঃ মিথ্যা

খ) ভাপে তৈরি হয় চুষি পিঠা। উত্তরঃ মিথ্যা

গ) বাংলাদেশ পিঠাপুলির দেশ। উত্তরঃ সত্য

ঘ) ভাপা পিঠা বানাতে লাগে গমের গুঁড়ো। উত্তরঃ মিথ্যা

ঙ) তুলি ও তপু সাতদিন বাড়িতে থাকল। উত্তরঃ সত্য

৭। নিচের প্রশ্নগুলো পড় ও সঠিক উত্তরটি খাতায় লিখঃ

ক) নতুন ধান কীসে ভানা হয়? উত্তরঃ ঢেঁকি

- i. হামানদিস্তা
- ii. পেষণী
- iii. ঢেঁকি

খ) কীসের ছুটিতে তুলি আর তপু গ্রামের বাড়িতে বেড়াতে যায়? উত্তরঃ শীতের

- i. শীতের
- ii. বৈশাখের
- iii. গ্রীষ্মের

গ) পিঠা বানাতে কীসের গুঁড়ো লাগে ? উত্তরঃ চালের গুঁড়ো

- i. গমের গুঁড়ো
- ii. চালের গুঁড়ো
- iii. ডালের গুঁড়ো

ঘ) কে দাদিমা কে পিঠার নাম জিজ্ঞেস করলো? উত্তরঃ তুলি

- i. শশী
- ii. তুলি
- iii. পলা

ঙ) শীতকালে এদেশের কোথায় নতুন ধান ওঠে? উত্তরঃ ঘরে ঘরে

- i. ঘরে ঘরে
- ii. বুড়িতে বুড়িতে
- iii. গ্রামে গ্রামে

চ) চালের গুঁড়ো দিয়ে নানা রকম কী তৈরি করা হয়? উত্তরঃ পিঠা

- i. পায়েস
- ii. পোলাও
- iii. পিঠা

ছ) দাদি কী বানানোর জন্য ছাঁচে চালের গুঁড়ো নিলেন? উত্তরঃ ভাপা পিঠা

- i. সেমাই
- ii. পাটিসাপটা পিঠা
- iii. ভাপা পিঠা

জ) তপুর ফুফাতো ভাইটির নাম কী? উত্তরঃ অনু

- i. অনু
- ii. অপু
- iii. অস্তু

ঝ) তুলি আর তপু সাতদিন কোথায় থাকলো? উত্তরঃ বাড়িতে

- iv. ঘরে
- v. বাড়িতে
- vi. বাহিরে

ঞ) বাংলাদেশ কীসের দেশ? উত্তরঃ পিঠাপুলির

- i. মগা মিঠায়ের
- ii. ফিরনী পায়েসের
- iii. পিঠাপুলির

শিক্ষক -

শাহরিন সুলতানা মৌলী